গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস,ঢাকা।
www.dch.gov.bd
Email: dch@nbr.gov.bd

## নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি:

কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা'র নির্দেশক্রমে আগামী ০২/০৩/২০২৬ খ্রি. নিলাম নং-০১/২০২৬ এর মাধ্যমে কাস্টমস হাউস ঢাকা'র আওতাধীন আমদানি কার্গো কমপ্লেক্স, এক্সপ্রেস সার্ভিস ইউনিট ও রাষ্ট্রীয় গুদাম ১,২,৩ এ রক্ষিত (আটককৃত ও বাজেয়াপ্তকৃত) মালামাল যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে সিল্ড টেন্ডার এর মাধ্যমে বিক্রি করা হবে। (১) ডেপুটি/সহকারী কমিশনার (নিলাম), কাস্টমস হাউস, ঢাকা, (২) ডেপুটি/সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা উত্তর, ঢাকা (৩) ডেপুটি/সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা দক্ষিণ, ঢাকা (৪) ডেপুটি/সহকারী কমিশনার, কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা অফিস কক্ষে দরপত্র বাক্স রক্ষিত থাকবে। নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন [ (i) ৮০, মতিঝিল বা/এ,ঢাকা (ii) ৩০৬,স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (iii) কাস্টমস হাউস, ঢাকা ] এর নিকট হতে শর্ত সম্বলিত টেন্ডার সিডিউল ও ক্যাটালগ আগামী ১০/০২/২০২৬ খ্রি. হতে ০১/০৩/২০২৬ খ্রি. পর্যন্ত অফিস চলাকালে প্রতিটি সিডিউল ২০০ (দুইশত) টাকা করে ক্রয় করা যাবে।

**শর্তাবলী:**

০১। দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ১০% জামানত পৃথকভাবে "DCH Commissioner Auction Fund" কাস্টমস হাউস, ঢাকার অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে । দরদাতার যোগ্যতা নিম্নরূপ ঃ-
(ক) দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ঃ প্রতিটি দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টি. আই. এন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র ;
(খ) ব্যক্তির ক্ষেত্রে ঃ জাতীয় পরিচয়পত্র, টি. আই. এন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র ক্রয়কৃত সিডিউলের সাথে জমা দিতে হবে। অসম্পূর্ণ দরপত্র/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট কোন ক্রমেই গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০২। নিলাম নং-০১/২০২৬ এর দরপত্র আগামী ০২/০৩/২০২৬ খ্রি. তারিখ বেলা ২:০০ ঘটিকায় কাস্টমস হাউস, ঢাকা'র সম্মেলন কক্ষে দরপত্র উপস্থিত দরদাতাদের সম্মুখে খোলা হবে।

০৩। নিলামভুক্ত লটে যে কোন পণ্যের বিপরীতে মামলা/রিট/আপিল থাকলে তা যে কোন সময় বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্যাটালগভুক্ত পণ্যের ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ অনুযায়ী শর্ত প্রযোজ্য থাকিলে নিলাম প্রাপ্তকে অফার লেটার প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে শর্ত পূরণ করতে হবে। অন্যথায় উক্ত পণ্য ব্যতিরেকে নিলাম পণ্য গ্রহণ করিতে হবে। এছাড়া জাতীয় রাজস্ব বোর্ডের অখালাসকৃত বা চোরাচালানের অভিযোগে আটক ও বাজেয়াপ্তকৃত পণ্যের নিষ্পত্তি সংক্রান্ত স্থায়ী আদেশ-৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ০২/০৭/২০২৫ খ্রি. অনুযায়ী নিলামের দ্বারা বিক্রয় প্রযোজ্য নহে এরূপ পণ্য অর্ন্তভুক্ত থাকিলে ক্যাটালগভুক্ত উক্ত পণ্য ব্যতিত খালাস গ্রহণ করিতে হবে।

০৪। নিলামের সংরক্ষিত মূল্য নিলামের ক্যাটালগ লট ভিত্তিক উল্লেখ থাকে।

০৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৬। নিলামের পূর্ব দিন অর্থাৎ ০১/০৩/২০২৬খ্রি. তারিখে অফিস চলাকালীন নিলাম-০১/২০২৬ এর কোন সংশোধনী থাকলে তা সংগ্রহের জন্য দরপত্র দাতাদের বলা হলো।

০৭ নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন এর সহযোগিতায় নিলাম-০১/২০২৬ এর ক্যাটালগভুক্ত পণ্যসমূহ আগামী ১৭/০২/২০২৬ হতে ১৯/০২/২০২৬ খ্রি. তারিখে দরদাতাগণের নিকট প্রদর্শন করা হবে।

০৮ যোগাযোগ: মেসার্স কে এম কর্পোরেশন (নিলামকারী) [ (i) ৮০, মতিঝিল বা/এ, ঢাকা (ii) ৩০৬,স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (মোবাইল নং-০১৮২৩-৫৩০২২৫,০১৮৪৬-৬৩০২৭৫) ]।

০৫.০২.২৬

মোঃ রফিকুল ইসলাম
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা
ও
সদস্য সচিব, নিলাম কমিটি।

D:\Tareq\Nilam-01(2026)\Auctioner Letter & News Paper Letter Notice (2) (1) - Copy.Docx

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা।
www.dch.gov.bd
Email: dch@nbr.gov.bd

নথি নং- ৫- কাস- ১২(১৯) নিলাম-০১/২০২৬/ মূলনথি/২০২৬/ ২৬৩৩ তারিখ:০৫ /০২/২০২৬ খ্রি.

**বিষয় : কাস্টমস হাউস, ঢাকা'র নিলাম নং- ০১/২০২৬ এর সিল্ড টেন্ডার এর আওতাভুক্ত দাবীদারবিহীন/বাজেয়াপ্তকৃত মালামালের নিলাম কার্যক্রম গ্রহণ।**

কাস্টমস হাউস ঢাকা'র অধীক্ষেত্রাধীন আমদানী কার্গো কমপ্লেক্স, এক্সপ্রেস সার্ভিস ইউনিট ও রাষ্ট্রীয় গুদাম (১,২,৩) এ রক্ষিত (আটককৃত ও বাজেয়াপ্তকৃত) মালামালগুলো কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-৯৪ এর ক্ষমতাবলে সিল্ড টেন্ডার এর মাধ্যমে বিক্রয়ের জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছেন।

০২।

(ক) নিলাম নং ও অনুষ্ঠানের তারিখ : নিলাম নং- ০১/২০২৬, তারিখ: ০২/০৩/২০২৬ খ্রি.।
(খ) সিডিউল বিক্রয়ের তারিখ : ১০/০২/২০২৬ খ্রি. হতে ০১/০৩/২০২৬ খ্রি.।
(গ) পণ্য প্রদর্শনের তারিখ : ১৭/০২/২০২৬খ্রি. হতে ১৯/০২/২০২৬ খ্রি.।
(ঘ) পত্রিকা প্রকাশের তারিখ : ০৬/০২/২০২৬ খ্রি. [১ম সারির সার্কুলেশন অনুযায়ী জাতীয় দৈনিকের ক্রমিক নং- ০১ থেকে ০৫ এর মধ্যে হবে]।
(ঙ) সিডিউল জমাদানের তারিখ : ১০/০২/২০২৬ খ্রি. হতে ০২/০৩/২০২৬ খ্রি. বেলা ১২:০০ টা পর্যন্ত।
(চ) সিডিউল পাওয়া যাবে : মেসার্স কে এম কর্পোরেশন (সরকারি নিলামকারী) (i) ৮০, মতিঝিল বা/এ, ঢাকা (ii) ৩০৬,স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (iii) কাস্টমস হাউস, কুর্মিটোলা, ঢাকা।
(ছ) প্রতিটি সিডিউলের মূল্য ২০০ (দুইশত টাকা) মাত্র।
(জ) দরপত্র দাখিলের স্থান:
(i) ডেপুটি/সহকারী কমিশনার (নিলাম), কাস্টমস হাউস, ঢাকা।
(ii) ডেপুটি/সহকারী কমিশনার (নিলাম), কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা।
(iii) ডেপুটি/সহকারী কমিশনার (নিলাম), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
(iv) ডেপুটি/সহকারী কমিশনার (নিলাম) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

৩। যে সকল দরপত্রদাতা ডাকযোগে দরপত্র পাঠাবেন তাদের দরপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র নিলাম নং- ০১/২০২৬ এর জন্য ০২/০৩/২০২৬ খ্রি. বেলা ১:০০ টার মধ্যে ডেপুটি/সহকারী কমিশনার (নিলাম), কাস্টমস হাউস, ঢাকা'র অফিস কক্ষে পৌঁছাতে হবে [উক্ত সময়ের পর কোন দরপত্র পাওয়া গেলে তা বিবেচনায় নেয়া হবে না।]

৪। নিলাম নং-০১/২০২৬ এর জন্য দরপত্রসমূহ ০২/০৩/২০২৬ খ্রি. তারিখ বেলা ২:০০ টায় কাস্টমস হাউস, ঢাকা'র সম্মেলন কক্ষে দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

৬। নিলামভুক্ত লটে যে কোন পণ্যের বিপরীতে মামলা/ রিট/আপিল থাকলে তা যে কোন সময় বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্যাটালগভুক্ত পণ্যের ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ অনুযায়ী শর্ত প্রযোজ্য থাকলে নিলাম প্রাপ্তকে অফার লেটার প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে শর্ত পূরণ করতে হবে। অন্যথায় উক্ত পণ্য ব্যতিরেকে নিলামের অন্যান্য পণ্য গ্রহণ করতে হবে। এছাড়া নিলামের স্থায়ী আদেশানুযায়ী নিলামে বিক্রয় প্রযোজ্য নহে এরূপ পণ্য সংশ্লিষ্ট লটে অর্ন্তভূক্ত থাকলে ক্যাটালগ ভুক্ত উক্ত পণ্য ব্যতীত অন্যান্য পণ্য খালাস গ্রহণ করতে হবে।

৭। নিলামের সংরক্ষিত দরমূল্য নিলামের ক্যাটালগে লটভিত্তিক উল্লেখ করতে হবে।

৮। কোন কারণ দর্শানো ব্যতীরেকেই যে কোন দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

এ পরিপ্রেক্ষিতে, উক্ত তারিখের মধ্যে সংযুক্ত বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো। সিল্ড টেন্ডারের সিডিউল ও আনুষঙ্গিক কাগজপত্র ও বিজ্ঞপ্তি প্রকাশ হলে উক্ত পত্রিকার কপি এবং ক্যাটালগ, নিলাম নং-০১/২০২৬ এর জন্য আগামী ০২/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: নিলাম বিজ্ঞপ্তি।

০৫.০২.২৬
মোঃ রফিকুল ইসলাম
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
ও
সদস্য সচিব, নিলাম কমিটি
ফোন: ০২-৮৯০১৬৩৭
ই-মেইল: dch@nbr.gov.bd

প্রাপক : মেসার্স কে এম কর্পোরেশন (সরকারি নিলামকারী),
৮০, মতিঝিল বা/এ, ঢাকা।

D:\Tareq\Nilam-01(2026)\Auctioner Letter & News Paper Letter Notice (2) (1) - Copy.Docx

CamScanner